

# ইমার্জেন্সি মেডিক্যাল ব্লুকার্ড এবং QR কোড স্টাইভেসান্ট হাই স্কুলের সকল শিক্ষার্থীদের জন্য

NYC DOE জরুরি পরিস্থিতিতে যোগাযোগের কার্ডটি (ব্লুকার্ড) জমা দেয়া সবার জন্য বাধ্যতামূলক। অনুগ্রহ করে অনলাইনে [www.BlueCard.IO](http://www.BlueCard.IO) -এ পূরণ করুন। এই পরিষেবাটি MyHealth.us দ্বারা প্রদত্ত এবং বছরের যেকোনো সময় আপনার জরুরি "ব্লুকার্ড" হালনাগাদ করার সুযোগ দেয় এবং স্কুলকে স্বয়ংক্রিয়ভাবে অবহিত করে।

পিতামাতারা সম্মতি দিতে পারেন এবং তাদের শিক্ষার্থীর ব্লুকার্ডের জরুরি পরিস্থিতিতে যোগাযোগের তথ্য তার নতুন স্টুডেন্ট আইডি QR কোডের সাথে সংযুক্ত করতে পারেন। স্টুডেন্ট আইডি স্ক্যান করে এবং শিক্ষার্থীর 9 রাশির আইডি প্রবেশ করার মাধ্যমে প্রথম সাড়া দানকারী, শিক্ষক এবং অন্যান্যদের এই তথ্য দেখার এবং দ্রুত যথাযথ পদক্ষেপ গ্রহণের সুযোগ দেবে।

বাড়তি তথ্য, যা পিন (PIN) এবং পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত, যেমন মেডিক্যাল রেকর্ড, হেলথ ডায়রি, অনুস্মারক ও ডাক্তারের তথ্যও পিতামাতার সম্মতিক্রমে সংরক্ষণ করা এবং MyHealth.us -এর সাথে শেয়ার করা যেতে পারে। HIPAA অনুযায়ী তথ্য সংরক্ষণ করা হয়, এবং স্টাইভেসান্ট হাই স্কুলের সাথে শেয়ার করা হয় না এমন কখনোই সম্মতি ছাড়া বিক্রয় অথবা শেয়ার করা হয় না। সহায়তার জন্য, যখন প্রয়োজন, 24/7 শিক্ষার্থী, পরিবারবর্গ, এবং প্রথম সাড়া দানকারীগণ [MyHealth.us](http://MyHealth.us) -এর সাথে যোগাযোগ করতে পারেন।

শিক্ষার্থীদের জন্য স্কুলে ফোনের লেবেল, রিস্টব্যান্ড এবং জুতার ট্যাগও লভ্য রয়েছে। আরো জানতে [www.MyHealth.us](http://www.MyHealth.us) দেখুন, [Info@MyHealth.us](mailto:Info@MyHealth.us) ঠিকানায় ইমেইল করুন, অথবা 1.844.411.4001 নম্বরে ফোন করুন।

আপনাকে ধন্যবাদ!

